

উপজেলা পরিষদ কার্যালয়
নবীগঞ্জ, হবিগঞ্জ।
website: nabiganj.habiganj.gov.bd

১৫/০২/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নবীগঞ্জ উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষন মনিটরিং ও নিয়ন্ত্রন বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব গতি গোবিন্দ দাশ, ভাইস চেয়ারম্যান,।
উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।

সভার তারিখ: ১৫ ফেব্রুয়ারী ২০২২ সময় ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো।


সভার শুরুতেই সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করার জন্য সদস্য সচিব, উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষন মনিটরিং ও নিয়ন্ত্রন বিষয়ক স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ নবীগঞ্জ কে নির্দেশ প্রদান করেন।

সভাপতির নির্দেশক্রমে জনাব মোঃ হাফিজুল ইসলাম, উপজেলা সমবায় অফিসার ও সদস্য সচিব উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষন মনিটরিং ও নিয়ন্ত্রন বিষয়ক স্থায়ী কমিটি, নবীগঞ্জ, হবিগঞ্জ বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে এশে কোনরূপ সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।
অতঃপর নিম্নরূপ আলোচ্যসূচির আলোকে পার্শে বর্ণিত সুপারিশ সমূহ সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	আলোচ্যসূচী	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	জনাব মোঃ হাফিজুল ইসলাম, উপজেলা সমবায় অফিসার ও সদস্য সচিব উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষন মনিটরিং ও নিয়ন্ত্রন বিষয়ক স্থায়ী কমিটি, নবীগঞ্জ, হবিগঞ্জ জানান যে, অত্র নবীগঞ্জ উপজেলায় বিভিন্ন স্থানে পর্যবেক্ষন করে দেখা যায় যে, কিছু সংখ্যক অসাধু ব্যবসায়ী চাল, ডাল সহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্য মজুদ রেখে কৃত্রিম সংকট ও দ্রব্যমূল্যের দাম বৃদ্ধি করেছেন। এতে করে এলাকার গরীব ও হতদরিদ্র জনসাধারন চরম হতাশাগ্রস্ত। এসব সিভিকিটধারী অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে অনতিবিলম্বে আইনানুগ ব্যবস্থা না নিলে অদূর ভবিষ্যতে এ অবস্থা আরো বেগতিক হয়ে পড়বে। তিনি আরো জানান যে, আগামী পরিষদের মাসিক সভায় বিষয়টি উপস্থাপন করা হলে এ বিষয়ে ব্যাপক আলোচনা হতে পারে। তাই সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে বলেন এ বিষয়টি আগামী	বিস্তারিত আলোচনার পর উল্লেখিত বিষয়টি অতীব জনগুরুত্বপূর্ণ হওয়ায় আগামী উপজেলা পরিষদের মাসিক সভায় অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নিরিখে বিষয়টি উপস্থাপনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) সভাপতি, উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষন মনিটরিং ও নিয়ন্ত্রন বিষয়ক স্থায়ী কমিটি, নবীগঞ্জ, হবিগঞ্জ। (খ) উপজেলা সমবায় অফিসার, ও সদস্য সচিব উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষন মনিটরিং ও নিয়ন্ত্রন

তারিখের মাসিক সভায় উপস্থাপন করা অতি জরুরী।	বিষয়ক স্থায়ী কমিটি, নবীগঞ্জ, হবিগঞ্জ।
---	---

অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(গতি গোবিন্দ দাশ)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষন মনিটরিং ও নিয়ন্ত্রন বিষয়ক স্থায়ী
কমিটি,
নবীগঞ্জ, হবিগঞ্জ

স্মারক নং ৬৮

তারিখঃ ১৫/০২/২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরন করা হলো।

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।

০২। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ।

০৩। অফিস কপি।





সদস্য সচিব

উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষন মনিটরিং ও নিয়ন্ত্রন বিষয়ক স্থায়ী
কমিটি,
নবীগঞ্জ, হবিগঞ্জ

পরিশিষ্ট "ক"

১৫/০২/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নবীগঞ্জ উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষন মনিটরিং ও নিয়ন্ত্রন বিষয়ক স্থায়ী
কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর

ক্রঃ নং	নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	জনাব গতি গোবিন্দ দাশ	ভাইস চেয়ারম্যান	সভাপতি	
০২	জনাব নির্মলেন্দু দাশ	চেয়ারম্যান, ০৭ নং করগাও ইউ/পি	সম্মানিত সদস্য	
০৩	জনাব গতি গোবিন্দ দাশ	ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক, নবীগঞ্জ বাজার ব্যবসায়ী সমিতি	সম্মানিত সদস্য	
০৪	মোঃ হাফিজুল ইসলাম	উপজেলা সমবায় অফিসার	সদস্য সচিব	